

বিজ্ঞপ্তি সকল পরীক্ষার্থীকে
মনোযোগ সহকারে পড়তে হবে।

অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল
বিজ্ঞপ্তি

অনার্স ৪র্থ বর্ষ (চূড়ান্ত) পরীক্ষা-২০২২
শিক্ষাবর্ষ-২০১৮-২০১৯

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ (চূড়ান্ত) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

** ফরম পূরণের ফি জমা দেয়ার তারিখঃ ২৫/০২/২০২৪ থেকে ২৯/০২/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)

** পূরণকৃত আবেদন ফরম স্ব-স্ব বিভাগের জমার তারিখঃ

**নির্ধারিত সময়ের পরে জরিমানা দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।।

১. ডাচ বাংলা মোবাইল ব্যাংকি Rocket এর মাধ্যমে ফি জমা দেয়ার নিয়ম :

- ক) নিয়মিত ও অনিয়মিত (সকল বিভাগ) পরীক্ষার্থীদের পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে Biller ID: 3500 তে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে টাকা জমা দিতে হবে। পরীক্ষার ফি জমা দেয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে।
- খ) গ্রেড উন্নয়ন (সকল বিভাগ) পরীক্ষার্থীদের পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে Biller ID: 4413তে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে টাকা জমা দিতে হবে। পরীক্ষার ফি জমা দেয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে।

২. শুধুমাত্র ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবেন। রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না। উল্লেখ্য, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোন অবস্থাতেই পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবেন না। উক্ত পরীক্ষার্থীদের ফরমপূরণের ক্ষেত্রে হিসাব শাখায় যোগাযোগ করে ফরমপূরণ করতে হবে। এ ব্যাপারে বিভাগীয় প্রধানগণ-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

উল্লেখ্য, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোন অবস্থাতেই পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না

নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের বেতন ও সেশন চার্জ সহ পরীক্ষার ফি


বিএ/বিএসএস/বিবিএস	ইংরেজি	সমাজকর্ম	পদার্থবিদ্যা/প্রাণিবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান/ পরিসংখ্যান/গণিত/উদ্ভিদবিদ্যা	রসায়ন
৬৭৪৫	৬৪৯৫	৬৫৯৫	৬৮৯৫	৭১৪৫

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফিসের হিসাব নিম্নে দেয়া হল

গ্রেড উন্নয়নঃ	১ পত্র=১২২০/-	২ পত্র=১৪৭০/-	৩ পত্র=১৭২০/-	৪ পত্র=১৯৭০/-
	৫ পত্র=২২২০/-			

বিঃ দ্রঃ ১) বিজ্ঞান বিভাগের কোন শিক্ষার্থীর গ্রেড উন্নয়ন পরীক্ষার সাথে ব্যবহারিক পত্র থাকলে উপরে উল্লেখিত টাকার সাথে ব্যবহারিক কেন্দ্র ফি বাবদ ১৫০/- যোগ করে জমা দিতে হবে।

২) সকল শিক্ষার্থীদের পরীক্ষার ফি ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিতে হবে এবং মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে। কোনক্রমেই মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকার বেশি দেয়া যাবে না।


(প্রফেসর ড. এ এস কাইয়ুম উদ্দীন আহমেদ)
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।